পরিশিষ্ট-ক

ডায়েরী নং ৪৪০৬ তারিখ ২৪/৬/১৮
আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

*ISO 9001. ISO 14001 &*
*OHSAS 18001 Certified*

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

সভাপতি, সমিতি বোর্ড, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

(জুলাই ১, ২০১৮ খ্রিঃ - জুন ৩০, ২০১৯ খ্রিঃ)

# সূচিপত্র


কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১ : নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য, কার্যাবলি

সেকশন-২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী-১ : শব্দসংক্ষেপ

সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা


মোঃ সুলতান উদ্দীন
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)
নাটোর পবিস-১

মোঃ শাহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

সভাপতি
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।

# নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Natore Palli Bidyut Samity-1)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

সরকারের নির্বাচনী ইশতেহারে জনসাধারণের কাছে বিদ্যুতের সুফল পৌঁছে দেয়া একটি অন্যতম অঙ্গিকার। এ প্রতিশ্রুতি পূরণের লক্ষ্যে নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। নাটোর জেলার নাটোর সদর (পৌরসভার আংশিক), নলডাঙ্গা, সিংড়া, বাগাতিপাড়া (আংশিক) উপজেলা; রাজশাহী জেলার পুঠিয়া ও বাগমারা উপজেলা এবং নওগাঁ জেলার মান্দা (আংশিক) উপজেলার সমন্বয়ে ১৬৩৩ বর্গ কিঃমিঃ এলাকা নিয়ে নাটোর পবিস-১ গঠিত। বর্তমান সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে অত্র পবিস নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

**নাটোর পবিস-১ এর সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮) নিম্নরূপঃ**

| অর্থবছর | গ্রাহক সংযোগ (টি) | নির্মিত লাইন (কিঃ মিঃ) | বকেয়া মাস | সিস্টেম লস |
|---|---|---|---|---|
| ২০১৫-১৬ | ৪৬০৭০ | ৩৮৯.০০ | ১.৩৫ | ১৩.৩০% |
| ২০১৬-১৭ | ৫২৬৭২ | ৩৭৮.০০ | ১.০২ | ১২.১০% |
| ২০১৭-১৮ (এপ্রিল-১৮ খ্রিঃ পর্যন্ত) | ৪৯৮২৩ | ৬১৬.০০ | ১.৪২ | ১০.৯৭% |

গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে মার্চ ২০১৮ খ্রিঃ পর্যন্ত ৫৪৬৭ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে। মার্চ ২০১৮ খ্রিঃ পর্যন্ত নাটোর সদর, বাগাতিপাড়া ও পুঠিয়া উপজেলা শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে সর্বমোট ৩,২২,১১৩ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। ২০১৭-১৮ বছরে মার্চ, ২০১৮ খ্রিঃ পর্যন্ত অত্র পবিসের সিস্টেম লস ১০.৭০% এবং বকেয়া মাস ১.৪৫ অর্জিত হয়েছে। অত্র পবিসের ০৮টি উপকেন্দ্রের মধ্যে সদর উপকেন্দ্র ২০ এমভিএ হতে ৩০ এমভিএ, লোচনগড় উপকেন্দ্র ১০ এমভিএ হতে ২০ এমভিএ এবং সিংড়া উপকেন্দ্র ১৫ এমভিএ হতে ২০ এমভিএ তে উন্নীতকরণের কাজ ইতোমধ্যেই সম্পন্ন করা হয়েছে। এছাড়া সিংড়া এবং বাগমারা উপকেন্দ্রের ৩৩ কেভি লাইনের যথাক্রমে প্রায় ২২ কিঃমিঃ এবং প্রায় ৩৪ কিঃমিঃ পিডিবির তার পরিবর্তন করে ৪৭৭ এমসিএম করা হয়েছে। তাছাড়াও আরইইউপি (জাইকা) প্রকল্পের আওতায় সিংড়া উপজেলার জামতলীতে, বাগমারা উপজেলার হাটগাঙ্গোপাড়ায় এবং পুঠিয়া উপজেলার বানেশ্বরে ০১টি করে প্রতিটি ১০ এমভিএ ক্ষমতাসম্পন্ন নতুন উপকেন্দ্র নির্মাণ করা হয়েছে। বর্তমানে আরআরডিপি-২ প্রকল্পের আওতায় নলডাঙ্গা এবং বাগাতিপাড়া ০২টি ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণের কাজ চলমান রয়েছে। এছাড়াও ৩৩ কেভি ফিডার ওভার লোড সমস্যা নিরসনের স্বার্থে গ্রীড হতে আরইইউপি (জাইকা) প্রকল্পের আওতায় ০২টি ৩৩ কেভি ব্রেকার এবং পবিসের অর্থায়নে ৩৩ কেভি (ইনকামিং) ব্রেকারের মাধ্যমে সদর-২ এবং পুঠিয়া উপকেন্দ্রের বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। তাছাড়া নাটোর পবিস-১ এর আওতাধীন বাগমারা-২ উপকেন্দ্র এর ৩৩ কেভি ফিডার ডাবল সার্কিট নির্মাণ কাজ শেষ পর্যায়ে এবং ১১ কেভি ফিডার বাইফারকেশনের মাধ্যমে প্রায় ০৮টি ফিডার ওভারলোড মুক্ত করা হয়েছে।

মোঃ সুলতান উদ্দীন
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ
নাটোর পবিস-১

মোঃ শহিদুল করিম
পরিচালক
পবিসস ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

সভাপতি
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

অত্র পবিসের আওতায় গ্রাহক সংখ্যার সাথে সাথে বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিক লোড চাহিদা ৮৩ মেঃওঃ। আগামী গ্রীষ্ম মৌসুম ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য বড় চ্যালেঞ্জ। এছাড়াও অত্র সমিতির ৫৪৬৭ কিঃমিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইন ও গাছ-গাছালি সমৃদ্ধ গ্রামীণ এলাকায় দুর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য একটি চ্যালেঞ্জ। শতভাগ বিদ্যুতায়নের পরে আর্থিক ভাবে অসচ্ছল অত্র সমিতির পক্ষে পিডিবি, পিজিসিবির বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ নগদ মূল্যে ক্রয় করাও অত্র সমিতির জন্য একটি সমস্যা।

- **ভবিষ্যৎ পরিকল্পনা**

ঘরে ঘরে বিদ্যুৎ পৌছে দেওয়ার লক্ষ্যে নাটোর পবিস-১ এর আওতাধীন সকল উপজেলা জুন ২০১৮খ্রিঃ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হবে। ক্রমবর্ধমান গ্রাহকের চাহিদা পূরণ ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে অত্র পবিসের নিকটবর্তী বনপাড়া উপজেলায় পিজিসিবি কর্তৃক একটি গ্রীড স্থাপন করা হবে। উক্ত গ্রীড নির্মাণ ও বিদ্যুতায়নের পর বিদ্যুৎ গ্রহণের মাধ্যমে অত্র সমিতির সিস্টেম লস ১০% এর মধ্যে আনয়ন করা সম্ভব হবে। পাশাপাশি বকেয়ার মাস ১.১০ অর্জনের পদক্ষেপ গ্রহণ এবং আগামী দুই বছরের মধ্যে পর্যায়ক্রমে গ্রাহক প্রান্তে ৪৪,৭৫০টি প্রি-পেইড মিটার স্থাপন করা হবে। গ্রাহকের চাহিদা পূরণের লক্ষ্যে প্রায় ৫০ কিঃমিঃ দীর্ঘ ৩৩ কেভি লাইন নির্মাণ করে নাটোর-৩ ও বাগমারা-৩ এই দুইটি আলাদা ১০ এমভিএ ক্ষমতাসম্পন্ন উপকেন্দ্র নির্মাণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

- **২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

০১। অত্র পবিসের আওতাধীন সকল এলাকা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা ।

০২। ০৪টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ।

০৩। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি ।

০৪। বকেয়া মাস ১.০৫ অর্জন করা।

মোঃ সুলতান উদ্দীন
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ
নাটোর পবিস-১

মোঃ শাহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা ।

সভাপতি
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
কান্দিবাগান, নাটোর।

# উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে **নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১** কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে-

সভাপতি, সমিতি বোর্ড, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৮ খ্রিঃ সালের "জুন মাসের ১৪ তারিখে" এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

**মোঃ সুলতান উদ্দীন**
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ
নাটোর পবিস-১

**মোঃ শহিদুল করিম**
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

**সভাপতি**
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফলবাগান, নাটোর।

[illegible]
[illegible], বাপবিবোর্ড

## সেকশন-১

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

### ১.১ রূপকল্প (Vision)

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন সকল জনগণের জন্য নির্ভরযোগ্য ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়নের মাধ্যমে ২০২১ সালের মধ্যে সকলের জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ সমিতির কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
২. নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা।
৩. বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী বৃদ্ধি।
৪. কাজের সুষম ও সুন্দর পরিবেশ সৃষ্টির মাধ্যমে আর্থিক স্বচ্ছলতা অর্জন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
২. কার্মপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন।
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
৫. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন;
২. কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ;
৩. বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণকে মিতব্যায়ী করা এবং উৎপাদনমূখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ;
৪. অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন;
৫. পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা;
৬. নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ;
৭. বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত করা;
৮. নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ত্ব মুক্তকরণ;
৯. গ্রাহক অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা;
১০. বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধিকরণ;
১১. সবক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠু কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা;
১২. সকলক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন;
১৩. ডিজিটাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিতকরণ।

মোঃ সুলতান উদ্দীন
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)
নাটোর পবিস-১

মোঃ শাহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

সভাপতি
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।

# সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | প্রস্তাবিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* মে'১৮ পর্যন্ত | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ক দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss (Grid Meter) [%] (w/o resale) | % | 26 | 12.10% | 11.26% | 11.20% | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | 15 | 1.03 | 1.34 | 1.05 | | | | | | |
| | | | 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale) | % | 1 | 101.34% | 96.32% | 99% | | | | | | |
| | | | 4. Payment of debt service liability | Tk | 7 | 32,500 | 31800 | 70000 | | | | | | |
| | | | 5. O & M EXP. (EX. PC, Depre. Int. & Pro. Uncoll. AMT.) (TK) / Kwh Sold (w/o resale) | Tk | 4 | 1.26 | 1.16 | 1.20 | | | | | | |
| | | | 6. Rev. / KM of Line w/o resale (TK) | Tk | 1 | 348.63 | 308.97 | 320 | | | | | | |
| | | | 7. Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | Km | 1 | 28.25% | 21.87% | 100% | | | | | | |
| | | | 8. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | No | 1 | 6.27% | 5.27% | 4% | | | | | | |
| | | | 9.Percentage of Damaged Transformer repaired | % | 1 | 100.00% | 86.20% | 100% | | | | | | |
| | | | 10. Store Management Performance: | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS | % | 1 | 100% | 100% | 100% | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force Work Order | % | 1 | 93.00% | 85% | 90% | | | | | | |
| | | | 11. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | 2 | 100% | 100% | 100% | | | | | | |
| | | | 12. Improvement of Power Factor | | 1 | 0.95 | 0.96 | 0.92 | | | | | | |
| | | | 13. Action on Meter Report | % | 1 | 100% | 95.83% | 100% | | | | | | |
| | | | 14. Average Training hour per Employee (Hours) | Hour | 2 | 70.2 | 72.5 | 75 | | | | | | |
| | | | 15. Timeliness to attend Consumer's complain | % | 1 | 100% | 100% | 100% | | | | | | |
| | | | 16. No. of Public Hearing | | 2 | | | 50 | | | | | | |
| | | | 17. System Average Interruption Duration Index (SAIDI) | Minute | 2 | 1522 | 775 | 800 | | | | | | |
| | | | 18. System Average Interruption Frequency Index (SAIFI) | Times | 2 | 7.17 | 4.05 | 50 | | | | | | |
| | | | 19.% of overloaded Transformer | % | 1 | 0.45% | 0 | 0.20% | | | | | | |
| | | | 20.% of New Connected Consumers | % | 2 | 96.18% | 99.44% | 100% | | | | | | |
| | | | 21. Accounts Payable | | 1 | 1.00 | 1 | 1.00 | | | | | | |
| | | | 22. Inter-PBS Transaction | % | 4 | | | 90% | | | | | | |

মোঃ সুলতান উদ্দীন
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)
নাটোর পবিস-১

মোঃ শাহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

সভাপতি
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।

(খালেদা পারভীন)
সদস্য, বাপবিবোর্ড

# বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

## (মোট নম্বর- ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগস্ট, ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত * | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত ** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ০৭ জানুয়ারি, ২০১৯ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

সভাপতি
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।

মোঃ সুলতান উদ্দীন
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)
নাটোর পবিস-১

মোঃ শাহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

(খালেদা পারভীন)
সচিব, বাপবিবোর্ড

আমি, সভাপতি, সমিতি বোর্ড, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সচিব এর নিকট অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সমিতি বোর্ডের সভাপতি এর নিকট অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

**তারিখঃ ১৪/০৬/২০১৮ খ্রিস্টাব্দ।**

স্বাক্ষী

মোঃ সুলতান উদ্দীন
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)
নাটোর পবিস-১

**জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)**
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

স্বাক্ষরিত

সভাপতি
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।

**সভাপতি, সমিতি বোর্ড**
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

মোঃ শহিদুল করিম
পরিচালক

**পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবঃ পরিদপ্তর**
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**সচিব**
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

# সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| | |
|---|---|
| আরইইউপি | রুরাল ইলেকট্রিফিকেশন আপগ্রেডেশন প্রজেক্ট |
| আরআরডিপি | রাজশাহী-রংপুর ডিভিশন প্রজেক্ট |
| ই-সার্ভিস | ইলেক্ট্রনিক সার্ভিস |
| বাপবিবো | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড |
| বিআরইবি | বাংলাদেশ রুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড |
| পিজিসিবি | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| বিপিডিবি | বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড |
| পবিস/পিবিএস | পল্লী বিদ্যুৎ সমিতি |
| APA | Annual Performance Agreement |
| DNP | Disconnection for Non-payment |
| DSL | Debt Service Liability |
| E-Filing | Electronic Filing |
| ERC | Equipment Record Card |
| Km | Kilometer |
| KV | Kilo-volt |
| KVA | kilo-volt Ampere |
| MVA | Mega-volt Ampere |
| MW | Mega-watt |
| NIS | National Integrity Strategy (জাতীয় শুদ্ধাচার কৌশল) |
| PI | Performance Indicator |
| ROW | Right of Way (পথস্বত্ব পরিষ্কারকরণ) |
| SAIDI | System Average Interruption Duration Index |
| SAIFI | System Average Interruption Frequency Index |
| SIP | Small Improvement Project |
| TMLM | Transformer Maintenance & Load Management |

মোঃ সুলতান উদ্দীন
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)
নাটোর পবিস-১

মোঃ শহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

সভাপতি
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।

## সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নং | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | সিস্টেম লস হ্রাস | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে অত্র সমিতির সিস্টেম লস হ্রাসকরণ | বিআরইবি ও নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, কমপ্লেইন রেজিস্টার, ট্রেনিং ম্যানুয়াল ও রেজিস্টার | |
| ২। | বকেয়া মাস | বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বাপবিবো'র বকেয়া হ্রাসকরণ | বিআরইবি, কৃষি ও ধর্ম মন্ত্রণালয় ও নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | | |
| ৩। | নতুন বিদ্যুৎ সংযোগ | বিদ্যুতায়নের মাধ্যমে নতুন সংযোগ প্রদান | বিআরইবি ও নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | | |
| ৪। | গড় প্রশিক্ষণ প্রদান | বিদ্যুৎ খাতে দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান | বিআরইবি ও নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | | |
| ৫। | SAIDI ও SAIFI | গ্রাহকের নিকট নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | | |
| ৬। | Consumer Complain | গ্রাহক অভিযোগ প্রতিকার বাস্তবায়ন | বিআরইবি ও নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | | |
| ৭। | Accounts Payable | নির্ধারিত সময়ের মধ্যে বিপিডিবি ও পিজিসিবি'র বিল পরিশোধকরণ | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | | |
| ৮। | Payment of DSL | যথাসময়ে বাপবিবো'র ঋণের কিস্তি পরিশোধ | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | | |

মোঃ সুলতান উদ্দীন
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)
নাটোর পবিস-১

মোঃ শহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

সভাপতি
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
বঙ্গবাগান, নাটোর।

## সংযোজনী-৩

কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা / প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিপিডিবি | বিদ্যুৎ ক্রয় | সিস্টেম লস | বিদ্যুৎ সরবরাহ | বিপিডিবি হতে অত্র পবিস বিদ্যুৎ ক্রয় করে। | গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না। |
| পিজিসিবি | বিদ্যুৎ সরবরাহ | সিস্টেম লস ও উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন | বিদ্যুৎ সঞ্চালন ও উপকেন্দ্র হতে বে, ব্রেকার সংযোজন | পিজিসিবি বিদ্যুৎ সঞ্চালন করে থাকে ও উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করে। | গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না ও নতুন সাবস্টেশনে বিদ্যুৎ সংযোগ গ্রহণ করা যাবে না। |
| স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, জন প্রতিনিধি, এলাকা পরিচালক | বকেয়া আদায় | সম-মাস | সঠিক সময়ে বকেয়া আদায় কার্যক্রমে অংশগ্রহণ | গ্রাহকের নিকট হতে বকেয়া আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/পিজিসিবি'র বিল পূরণে ব্যর্থ হবে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, জন প্রতিনিধি, এলাকা পরিচালক, UDC, ব্যাংক, টেলিটক | বিল কালেকশন | % | সঠিক সময়ে বকেয়া আদায় কার্যক্রমে অংশগ্রহণ | গ্রাহকের নিকট হতে বকেয়া আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/পিজিসিবি'র বিল পূরণে ব্যর্থ হবে। | বিল কালেকশন ও বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| কৃষি মন্ত্রণালয় | রিবেটের অর্থ পরিশোধ | বকেয়া মাস | রিবেটের অর্থ পরিশোধ | কৃষি মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| ধর্ম মন্ত্রণালয় | রিবেটের অর্থ পরিশোধ | বকেয়া মাস | রিবেটের অর্থ পরিশোধ | ধর্ম মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |

মোঃ সুলতান উদ্দীন
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)
নাটোর পবিস-১

মোঃ শহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

সভাপতি
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।